গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি**

সাগরিকা রোড, চট্টগ্রাম-৪২১৯।

www.cevta.gov.bd

# ‘গণবিজ্ঞপ্তি’

## মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩০ এর উপ-ধারা (১) অনুযায়ী কোনো কার্যধারায় কোনো করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা লাইসেন্সধারী মূসক পরামর্শকগণের মধ্য হতে যে কোনো ব্যক্তিকে নিয়োগের বিধান রয়েছে। মূসক পরামর্শক হিসাবে কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী ব্যক্তিকে প্রয়োজনীয় দলিলাদি ও সনদসহ নির্ধারিত আবেদন ফরম "মূসক-১৮.১" এ আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯, ১১০ ও ১১১ এবং মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এ নির্ধারিত পদ্ধতি ও শর্ত মেনে আবেদন করে আবেদনের সহিত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ সকল দলিলাদি সংযুক্ত করে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর নিকট ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**(২) মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:-**

(ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখে বয়স অন্যূন ২৫ (পঁচিশ) বৎসর হতে হবে; এবং
(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে।

**(৩) নিম্নবর্ণিত যে কোনো ব্যক্তি মূসক পরামর্শক লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন, যথা:-**

(ক) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত ব্যক্তি;
(খ) চাকুরি হতে অপসারিত বা বরখাস্তকৃত কোনো ব্যক্তি;
(গ) কোনো ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত ব্যক্তি, যার সাজা ভোগের পর ৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হয়নি; এবং
(ঘ) মূসক পরামর্শক, মূসক এজেন্ট, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স বা আয়কর পরামর্শকের (Income Tax Practitioner) লাইসেন্স বাতিল করা হয়েছে এমন কোনো ব্যক্তি।

**(৪) মূসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ**

(ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;
(খ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;
(গ) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
(ঙ) "মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম" এর অনুকূলে আবেদন ফি হিসেবে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যমানের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট।

(৫) নির্ধারিত পদ্ধতি ও শর্তে, মূসক বিভাগে জাতীয় বেতন স্কেলের নবম গ্রেডের নিম্নে নন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টগণকে তাদের পঠিত সিলেবাসে মূল্য সংযোজন কর বিষয়ক কোর্স অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে আবেদন যথাযথ পাইলে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করা যাবে।

(৬) খামের উপরে অবশ্যই প্রার্থীর ধরণ: (ক) সাধারণ প্রার্থী (খ) বিভাগীয় প্রার্থী (গ) চার্টার্ড একাউন্টেন্ট/চার্টার্ড সেক্রেটারি/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(৭) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম কর্তৃক প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের তালিকা ও পরীক্ষার সময়সূচী একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং বিধিমালায় উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

(৮) নির্ধারিত শর্ত পূরণ করা হয়নি, এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩১/০৭/২০২৫

**(তানজিলা ইয়াছমিন)**
**উপপরিচালক**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।